


মুখ্য ক্ষেত্র - ২
Key Domain ||



শেখা শেখানো এবং পরিমাপন





মুখ্য ক্ষেত্র - ২ Key Domain



শেখা শেখানো এবং পরিমাপন

অথ মুখ্যক্ষেত্র বিষয়ক —

শেখা ও শেখানোটা একটা মুখ্য কর্মক্ষেত্র এবং শিক্ষার্থীর শিক্ষার ফলপ্রাপ্তির সবচেয়ে গুরুত্বপূর্ণ সূচক। ফলপ্রসূ শেখা-শেখানোটা আসলে কৌশলগত পরিকল্পনা এবং একটা বৈকল্পিক শৈক্ষিক পরিমণ্ডল সৃজনের দ্বারাই সম্ভব। এটা সুপ্রযোজ্য শিক্ষা-অভিজ্ঞতা এবং শিক্ষায় গতিসঞ্চারক বেশকিছু শেখা-শেখানোর কৌশল ব্যবহার প্রক্রিয়াকেই নির্দেশ করে। এই প্রক্রিয়াটির সাফল্যলাভে অত্যন্ত আবশ্যিক হল শিক্ষার্থীর বিশেষ অবস্থান এবং তাদের শিক্ষা উপকরণ বা বস্তু সামগ্রীর প্রয়োজনীয়তার বিষয়ে শিক্ষকের বোধবুদ্ধি বা বাস্তব ধারণা। কী শিখছে তার পরিমাপন শেখা-শেখানো নামক প্রক্রিয়াটির অবিচ্ছেদ্য মাত্রা। এবং এর ফলে এটা হয়ে উঠে শিক্ষার্থীর অধিগত শিক্ষার পরিমাপনের এক মূল্যবান সূচক। শিক্ষকের শ্রেণীকক্ষগত ক্রিয়াকলাপের পারদর্শিতা বিচারের জন্য এটা একটা বিশেষ মজবুৎ ভিত্তি গড়ে দেয়। শিক্ষকের নিজের শিক্ষালব্ধ বিষয়-জ্ঞান এবং শিক্ষাদানের পারদর্শিতাই চূড়ান্ত পর্যায়ে শেখা-শেখানোর প্রক্রিয়া এবং ছাত্রের গৃহীত পন্থার পারদর্শিতা নির্ধারণ করে।



ভাবনা-চিন্তার বিষয়াবলী (Reflective prompts)

- প্রশ্ন ১ : শিক্ষার্থীদের সামাজিক-সাংস্কৃতিক তথা অর্থনৈতিক পটভূমি সম্পর্কে এবং তাদের শৈক্ষিক প্রয়োজন সম্পর্কে শিক্ষকরা কতদূর ওয়াকিবহাল ?
- প্রশ্ন ২ : শিক্ষকরা কতটা প্রত্যাশিত পরিমাণে বিষয়-সম্পর্কিত বিদ্যা ধারণ করেন এবং তাদের শেখাবার দক্ষতা কতদূর ?
- প্রশ্ন ৩ : শিক্ষার্থী-কেন্দ্রিক শেখা-শেখানোকে শিক্ষকগণ কতটা ফলপ্রসূভাবে প্রয়োগ করেন ?
- প্রশ্ন ৪ : শিক্ষকগণ কতটা ফলপ্রসূভাবে তাদের পাঠ-পরিকল্পনা করেন এবং সেটা শ্রেণিকক্ষেই বা কতটা বাস্তবে রূপায়ণ করে থাকেন ?
- প্রশ্ন ৫ : শেখা ও শেখানোর পরিকল্পনা (strategies) বা প্রণয়ন-কৌশল, যথাপ্রাসঙ্গিক বস্তু সামগ্রী এবং শিক্ষার্থীর শৈক্ষিক প্রয়োজনসমূহকে শিক্ষকগণ কতটা ফলপ্রসূভাবে আত্মীকরণে সমর্থ ?
- প্রশ্ন ৬ : পরিমাপনকে তাদের শেখা-শেখানোর প্রক্রিয়া বিষয়ে চিন্তা-ভাবনা করার একটা উপায় হিসেবে শিক্ষকগণ কতদূর ব্যবহার করে থাকেন ?

পরিঘটনা নির্ভর তথ্য (Factual Information)

(প্রয়োজনবোধে বিদ্যালয় একটা প্রশ্নের একাধিক বৈকল্পিক উত্তরদান করতে পারে)

- ১। শিক্ষার্থীদের গৃহগত এবং সামাজিক-সাংস্কৃতিক পটভূমি সম্পর্কে শিক্ষকেরা কীভাবে তথ্য সংগ্রহ করবেন ?
- a. বিদ্যালয়ের নথিপত্র b. অভিভাবকদের সঙ্গে পারস্পরিক মতবিনিময়
- c. শিক্ষার্থীদেরকেই জিজ্ঞাসাবাদ
- d. অন্যান্য উপায় (উল্লেখনীয়) : _____
- ২। বিবিধ প্রকারের শেখা ও শেখানো প্রক্রিয়াতে শিক্ষকদের অভিগমন (access) ও তার সদ্ব্যবহার :
- a. সম্পাদাদি বিষয়ে অনবহিত
- b. সম্পাদাদি বিষয়ে অবহিত কিন্তু অভিগমন ও ব্যবহারে অক্ষম
- c. যে সব সম্পাদে অভিগমন করতে পারেন এবং ব্যবহার করতে পারেন
- ৩। শেখার প্রতি ছাত্র-ছাত্রীদের মনোভাব, অভিরোচন (motivation) এবং আগ্রহ পরিমাপন শিক্ষকগণ কীসের ভিত্তিতে করেন ?
- a. বিদ্যায়তনিক এবং সহবিদ্যায়তনিক ক্ষেত্রসমূহের অধিগমন
- b. শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের সঙ্গে পারস্পরিক ব্যবহারে প্রাপ্ত তথ্যাদি
- c. অন্যান্য শিক্ষকদের সঙ্গে আলোচনা
- d. শ্রেণিকক্ষের ভেতরে এবং বাইরে শিক্ষার্থীর আচরণের পর্যবেক্ষণ
- e. পরিমাপনে অক্ষম

কেন্দ্রগত মান	বিবরণী (Descriptor)		
	স্তর ১	স্তর ২	স্তর ৩
শিক্ষার্থী সম্পর্কে শিক্ষকদের বোধবুদ্ধি	শিক্ষার্থীরা যে সমাজ থেকে উঠে এসেছে তার সামাজিক, সাংস্কৃতিক এবং অর্থনৈতিক পটভূমি সম্পর্কে শিক্ষকগণ অবহিত; শিক্ষার্থীদের গৃহের পটভূমি এবং পঠন স্তর সম্পর্কে শিক্ষকদের সাধারণ ধারণা আছে	শিক্ষার্থীর সামাজিক সাংস্কৃতিক এবং সমাজের অর্থনৈতিক পটভূমি তথা শৈক্ষিক প্রয়োজনগুলি সম্পর্কে শিক্ষকদের বোধগম্যতা আছে; শ্রেণিকক্ষের অভিজ্ঞতা, অন্যান্য ও মাতাপিতা তথা সামাজিক গোষ্ঠীর সঙ্গে মত বিনিময়ের মাধ্যমে শিক্ষার্থীদের শৈক্ষিক প্রয়োজনাди সম্পর্কে শিক্ষকগণ ধারণা করতে পারেন	প্রণালীবদ্ধভাবে শিক্ষার্থীদের কৃতি (attainment) সম্পর্কে শিক্ষকগণ শিক্ষার্থী এবং মাতাপিতার কাছ থেকে প্রতিভূষ্টি (feedback) চাইবেন; শিক্ষার্থীদের ব্যক্তিগত প্রয়োজন; পঠনরীতি এবং সামর্থ্যবিষয়ে ব্যবস্থাগ্রহণ করবেন
শিক্ষকের বিষয় ভিত্তিক এবং বিষয়ের শিক্ষাদান ভিত্তিক জ্ঞান	কোন একটি বিষয় সম্পর্কে যথেষ্ট অবহিত না থাকার ফলে সে বিষয়ে শিক্ষাদানে শিক্ষকদেরকে প্রায়শই অসুবিধার সম্মুখীন হতে হয়; তাদের বিষয়জ্ঞান এবং শেখানোর দক্ষতার উৎকর্ষ সাধনের জন্য সীমিতভাবে চেষ্টিত হন	শিক্ষকগণ মাঝে মাঝে তাঁদের বিষয়ান্তর্ভুক্ত জটিল ধারণাসমূহের বিশ্লেষণ করতে গিয়ে অসুবিধার সম্মুখীন হন; তাঁদের উপযুক্ত শিক্ষণ কৌশলের অভাব আছে; উপলব্ধ সহায় সহযোগিতা এবং সম্পদ (যেমন বিষয়মঞ্চ, প্রশিক্ষণ কার্যসূচী)-এর মাধ্যমে তাঁরা বিষয়জ্ঞান এবং শিক্ষণ দক্ষতাকে কেতাদুরস্ত করার চেষ্টা করেন।	বিষয় এবং শিক্ষণ দক্ষতার ক্ষেত্রে যথেষ্ট ক্ষমতা রয়েছে শিক্ষকদের; তাই শ্রেণিকক্ষের কার্যসম্পাদনে তারা সামান্যই অসুবিধায় পড়েন; শিক্ষণ দক্ষতা এবং বিষয়জ্ঞানকে কেতাদুরস্ত করতে তারা স্বকীয় উদ্যোগ গ্রহণ করেন এবং প্রয়োজনবোধে সহশিক্ষকদের কাছ থেকে সহায়তা গ্রহণ করেন, এই কেতাদুরস্তকরণ বিদ্যালয়ও সহযোগিতা করে






কেন্দ্রগত মান	বিবরণী (Descriptor)		
	স্তর ১	স্তর ২	স্তর ৩
শেখানোর পরিকল্পনা	পাঠ্যপুস্তক অনুসারে পাঠ্যক্রম শেষ করাটাকে প্রাধান্য দিয়ে শিক্ষকগণ পাঠদান করেন; শেখানোর কাজে ব্যবহারযোগ্য সামগ্রী এবং পাঠনের বিষয়সম্পর্কে তাঁরা অবগত	TLM (শেখা-শেখানোর সামগ্রী) এবং পরিমাপন কৌশল তথা পাঠন সহ পাঠনের বিস্তৃত পরিকল্পনা সমন্বিত একটি রোজনামচা (diary) প্রস্তুত করেন এবং তা চালিয়ে যান; স্থানীয়ভাবে উপলব্ধ সম্পদ ব্যবহার করে বাড়তি TLM প্রস্তুত করেন	বিদ্যালয়ের একটা অনুশীলন ধারা রয়েছে যেখানে প্রত্যেক শিক্ষক শিক্ষার্থীর বিবিধ শৈক্ষিক প্রয়োজনের প্রতি লক্ষ্য রেখে পাঠ পরিকল্পনা করে থাকেন এবং পাঠনকে শিক্ষার্থী-কেন্দ্রিক করে তোলেন; পাঠনকে ফলপ্রসূ করতে উপযুক্তভাবে TLM ব্যবহার করেন; তাৎক্ষণিক পরিবেশ এবং পরিস্থিতির সঙ্গে শেখা ও শেখানোর প্রক্রিয়াকে সংযুক্ত করেন; উপযুক্ত কৌশল (যেমন- নিরীক্ষণ, পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান, আবিষ্কার, বিশ্লেষণ; বৈচারিক চিন্তা-ভাবনা, সমস্যা-সমাধান এবং যুক্তিপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ) অবলম্বনের দ্বারা পাঠনকে ফলপ্রসূ করে তোলেন
শেখার পরিবেশের সবলীকরণ	শিক্ষকগণ ছাত্রদেরকে নাম ধরে ডাকেন, শেখা ও শেখানোর জন্যে বুনিয়েদী সম্পদকে সহজলভ্য করে তোলেন	শিক্ষকগণ সকল শিক্ষার্থীকে খুব স্বাচ্ছন্দ্য রাখেন এবং তাদেরকে শ্রেণিকক্ষ-ভিত্তিক ক্রিয়াকর্মে নিযুক্ত করেন; গোষ্ঠীবদ্ধ ক্রিয়াকর্মের পরিকল্পনা করেন এবং সংগঠিত করেন এবং শিক্ষার্থীদের কাজ এবং চার্ট ইত্যাদি দেয়ালে টানিয়ে দেন; TLM সংশ্লিষ্ট সকলেরই ব্যবহারযোগ্য	শিক্ষকগণ শ্রেণিকক্ষে অনুকূল ও পারস্পরিক আদান-প্রদান-নির্ভর পরিবেশ গড়েন; সাথী-শিক্ষা, পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়াকে উৎসাহিত করেন, অভিব্যক্তি প্রকাশের সুযোগ দান করেন; সকল শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গিকে যোগ্য মর্যাদা দেন; চিন্তা ভাবনার অংশীদারিত্বে /জিজ্ঞাসাবাদে উৎসাহিত করেন

কেন্দ্রগত মান	বিবরণী (Descriptor)		
	স্তর ১	স্তর ২	স্তর ৩
শেখা ও শেখানোর প্রক্রিয়া	শ্রেণিকক্ষে পাঠদানের জন্যে শিক্ষকরা কেবল পাঠ্যপুস্তক এবং ব্ল্যাকবোর্ড ব্যবহার করেন; কখনও শিক্ষার্থীদেরকে ব্যাক-বোর্ড থেকে অনুলিখন করান; কদাচিৎ শিক্ষার্থীদেরকে শ্রেণি কক্ষের এবং ঘরের কাজ করতে দেন	শিক্ষার্থীদেরকে আলোচনায় যুক্ত করতে শিক্ষকরা বিভিন্ন ধরনের সহায়ক সামগ্রী ব্যবহার করেন; বিষয়বস্তু বিশ্লেষণের জন্যে শ্রেণিকক্ষে পরীক্ষা-নিরীক্ষার আয়োজন করেন; বাড়তি সহযোগিতাপেক্ষী শিক্ষার্থীদের জন্যে বিষয়বস্তুর ধারণাটি ব্যাখ্যা করে বোঝাতে বিশেষ উদ্যোগ গ্রহণ করেন; শিক্ষকরা শিক্ষার্থীদের গৃহকর্ম পরীক্ষা করে উপযুক্ত প্রতিপুষ্টি (feedback) প্রদান করেন	শিক্ষকগণ সহযোগিতামূলক পঠন, পরীক্ষা-নিরীক্ষা, আবিষ্কার, পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান, জিজ্ঞাসাবাদের মাধ্যমে শিক্ষার্থীদের স্বকীয় পঠনের সুযোগ প্রদান করেন।
শ্রেণিকক্ষের ব্যবস্থাপনা	শিক্ষার্থীদেরকে সারিবদ্ধভাবে ব্ল্যাকবোর্ডের দিকে মুখ করে বসিয়ে শিক্ষকেরা শ্রেণিকক্ষের ব্যবস্থাপনা করেন; একটা স্থির অবস্থান থেকে শ্রেণীটিকে শিক্ষাদান করেন আর শিক্ষার্থীরা নিজস্ব কোনো উদ্যোগবিহীনভাবে শুনে যায়; শ্রেণিকক্ষে নীরবতা বজায় রাখার মাধ্যমে নিয়মানুবর্তিতা সুনিশ্চিত করেন	CWSN অর্থাৎ বিশেষ প্রয়োজনসম্পন্ন শিক্ষার্থীদের প্রতি বিশেষভাবে লক্ষ্য রেখে শ্রেণিকক্ষের ভিতরে ও বাইরে বিভিন্ন ক্রিয়াকলাপ আয়োজন করার অবকাশ সৃষ্টি করেন শিক্ষকবর্গ; শিক্ষার্থীদের মধ্যে সময়ানুবর্তিতা এবং নিয়মিত উপস্থিতির বিষয়ে উৎসাহিত করেন; শিক্ষকদের দ্বারা ধার্য করা শ্রেণি ব্যবস্থাপনার নিয়মগুলো শিক্ষার্থীরা অনুসরণ করে	শিক্ষক এবং শিক্ষার্থীরা শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার নীতি প্রণয়ন যৌথভাবে করে থাকে, বসার ব্যবস্থা পরিবর্তন সাপেক্ষ এবং শিক্ষার্থীরা যথানির্দিষ্ট ক্রিয়াকলাপের সঙ্গে সঙ্গতি রেখে শ্রেণিকক্ষে বসতে পারে; শিক্ষার্থীরা স্বেচ্ছা-নিয়মানুবর্তিতা মেনে চলে এবং সমষ্টিবদ্ধভাবে প্রণীত নীতিনিয়মের অনুবর্তী হয়





কেন্দ্রগত মান	বিবরণী (Descriptor)		
	স্তর ১	স্তর ২	স্তর ৩
শিক্ষার্থীর পরিমাপন	<p>প্রযোজ্য নীতি নিয়ম অনুযায়ী শিক্ষকগণ শিক্ষার্থীদের পরিমাপন করেন; সাধারণত, পাঠ্যপুথিতে প্রদত্ত বিষয়বস্তু এবং অনুশীলনী থেকে উপলব্ধ তথ্যমূলক জ্ঞান ও মুখস্থবিদ্যা পরিমাপনের জন্যে পরীক্ষা গ্রহণ করেন; শিক্ষার্থীদের কৃতিসমূহ কেবলমাত্র প্রতিবেদন-পত্রের (Report Card) মাধ্যমে মাতাপিতাকে অবগত করানো হয়</p>	<p>পূর্বনির্মিত কিছু মান-নির্ণায়কের মাধ্যমে শিক্ষকগণ কলা, স্বাস্থ্য এবং শারীরিক শিক্ষাসহ বিভিন্ন ক্রিয়াকলাপগুলো ব্যবহার করে পাঠ্যক্রমিক ক্ষেত্রগুলি পরিমাপন করেন; অগ্রগতির প্রতিবেদন- পত্রে উৎকর্ষের ক্ষেত্রগুলির উপর আলোকপাত করার মাধ্যমে বর্ণনা - নির্ভর প্রতিপুষ্টি প্রদান করেন; অবিরত আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীর অগ্রগতি সম্পর্কে মাতাপিতার সঙ্গে মতবিনিময় করেন</p>	<p>পরিমাপন প্রক্রিয়াকে শিক্ষকগণ শেখা ও শেখানোর প্রক্রিয়ার আভ্যন্তরীণ অঙ্গ হিসেবে বিবেচনা করেন; শিক্ষার্থীর অতীত পরিমাপন /নিরূপণ আদির বিশ্লেষণ করেন এবং বর্তমানের সফলতার স্তরের সঙ্গে যুক্ত করেন; নিরবচ্ছিন্ন নিরূপণের ব্যবস্থা করেন এবং অগ্রগতি বা কৃতিত্বের প্রতিপুষ্টি প্রদান করেন; উৎকর্ষসাধনার্থে অনুসারী পদক্ষেপসহ ব্যক্তিগত ও সামাজিক গুণাবলীর সঙ্গে অন্যান্য পাঠ্যক্রমিক ক্ষেত্রসমূহ প্রণালীবদ্ধভাবে পরিমাপ করেন; শেখা ও শেখানোর উৎকর্ষ বিধানের জন্যে পরিমাপন থেকে প্রতিপুষ্টি বিধান করেন</p>
শেখা ও শেখানোর সম্পদের সদ্যব্যবহার	<p>শ্রেণিকক্ষে শিক্ষাদানের জন্যে শিক্ষকগণ প্রধানত পাঠ্যপুস্তক ব্যবহার করেন; অন্যান্য TLM ব্যবহার করেন, যা অনিয়মিত এবং যথাযথরূপে পরিকল্পিত নয়</p>	<p>শিক্ষকগণ পাঠ্যবই ছাড়া অন্যান্য উপকরণও ব্যবহার করেন, যেমন - প্রাসঙ্গিক বস্তু সামগ্রী, তালিকা (Chart), মানচিত্র, মডেল, ডিজিটাল লার্নিং কিটস, স্থানীয়ভাবে লব্ধ উপকরণ; প্রয়োজন সাপেক্ষে বিজ্ঞান, গণিত, এবং ভাষা বিষয়ক কিটস/পরীক্ষাগার ব্যবহার করেন; বিদ্যালয় উপকরণ সামগ্রীর ক্যাটা লগ তৈরী নিয়মিতরূপে বজায় রাখে এবং প্রয়োজনে শিক্ষকদেরকে সরবরাহ করে</p>	<p>শিক্ষকগণ যথাপ্রযোজ্যভাবে পাঠের সঙ্গে TLM, স্থানীয় সামাজিক সম্পদ, উপকরণ সামগ্রী, ICT-র সহায়ক উপকরণ, পরীক্ষাগার, গ্রন্থাগারাদির ব্যবহারের সমন্বয় সাধন করেন; বিদ্যালয় শেখানোর উপকরণ-সামগ্রীর পারস্পরিক ব্যবহারের জন্যে অন্যান্য বিদ্যালয়ের সংগে সংযুক্ত কর্মীদের সংসাধন করে</p>

কেন্দ্রগত মান	বিবরণী (Descriptor)		
	স্তর ১	স্তর ২	স্তর ৩
শিক্ষার্থীদের পরিমাপন	শিক্ষকগণ কদাচিৎ তাদের শেখা-শেখানোর প্রক্রিয়া ও শিক্ষার্থীদের অগ্রগতি নিয়ে ভাবনা-চিন্তা করেন।	শিক্ষকগণ সুনিয়মিতভাবে তাদের শেখা ও শেখানোর প্রক্রিয়া নিয়ে ভাবনাচিন্তা করেন ও তা লিপিবদ্ধ করেন, সংরক্ষিত করেন, বারংবার তাদের পরিকল্পনা ও শেখা-শেখানোর প্রক্রিয়াগুলো ঘুরেফিরে দেখেন এবং প্রয়োজনীয় উৎকর্ষবিধানের জন্য তৎপর হন।	সংলব্ধ ফলাফলের আলোকে পরিকল্পিত এবং বাস্তবে অনুসৃত শেখা-শেখানোর প্রক্রিয়ার বিষয়ে শিক্ষকগণ ব্যক্তিগত ও সমষ্টিগতভাবে চিন্তা-ভাবনা বা বিচার বিশ্লেষণ করেন, দুটোর মধ্যে রয়ে যাওয়া ফাঁকফোকরগুলি চিহ্নিত করেন এবং উৎকর্ষ বিধানের জন্য নব নব পরিকল্পনা গ্রহণ করেন, ঐ বিচারানুযায়ী বৈকল্পিক পঠন বিষয়ক পরীক্ষা-নিরীক্ষার নক্সা তৈরী করেন।

বিদ্যায়তনিক উৎকর্ষসাধন



প্রমাণের উৎস

Sources of Evidence

প্রসঙ্গ-নির্দেশযোগ্য
প্রমাণ /নমুনা (রীতি/
অনুসরণযোগ্য নির্দেশ
রেখা/ নথিবদ্ধ
পুস্তিকা / সরকারী
আদেশাবলী)

- SSA Framework for Implementation Chapter -IV (pp 55-82)
(http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/SSA-Frame-work.pdf)
- NCF-2005 Chapter-II (pp 12-34), Chapter -III (pp 35-77)and
Chapter -IV (pp 78-100)
(<http://www.ncert.nic.in/rightside/links/pdf/framework/english/nf2005.pdf>)
- RTE Act-2009 Chapter -IV (clause 24 at,p.8) Chapter-V (clause 29
at p.9)
(<http://ssa.nic.in/rte-docs/free%20and%20compulsory.pdf>)
- Learning Indicators for Elementary and Secondary for all subjects
developed by NCERT
(http://www.ncert.nic.in/departments/nie/dee/publication/pdf/LI_Final_Copy_Revised_29.12.14.pdf)
- ADEPTs (Advancement of Educational Performance through Teacher Support An
MHRD 3- UNICEF Initiative)
(<http://prayatna.typepad.com/files/adepts.pdf>)
- PINDICS (Performance Indicators for Elementary School Teacher), NCERT (2013)

(http://www.ncert.nic.in/pdf_files/PINDICS.pdf)
- Teachers Manual Formative Assessment (Science), CBSE (2010) (p. vii)
([http://www.cbse.nic.in/cce/cce-manual/CBSE-FA-Class-IX%20\(Science\)%20Final.pdf](http://www.cbse.nic.in/cce/cce-manual/CBSE-FA-Class-IX%20(Science)%20Final.pdf))

সমর্থনমূলক
প্রমাণ বা নমুনা যা
বিদ্যালয়ে
উপলব্ধ

- বিদ্যালয়দ্বারা প্রণীত এবং নিয়মিতভাবে চালিয়ে যাওয়া শিক্ষার্থীদের বিবরণ
- শিক্ষার্থীদের গৃহে শিক্ষকদের যাতায়াতের নথিবদ্ধ বিবরণ
- কর্মনিরত অবস্থায় প্রশিক্ষণ, আলোচনাচক্র, TLM উদ্ভাবনোদ্দেশ্যে অনুষ্ঠিত কর্মশালা ইত্যাদিতে
শিক্ষকদের অংশগ্রহণের নথিবদ্ধ বিবরণ
- পাঠ-পরিকল্পনা, শেখানোর কাজে ঘাটতি (যদি থেকে থাকে) পূরণের জন্য নিদানমূলক শিক্ষার
পরিকল্পনা
- বিদ্যালয়ের দ্বারা নিয়মিত খরিদ করা জার্নাল/ম্যাগাজিনের তালিকা
- শিক্ষকদের ব্যবহারের জন্য উপলব্ধ তাদের দ্বারা উদ্ভাবিত TLM -এর তালিকা
- প্রজেক্ট, পরীক্ষা, দায়িত্বপ্রাপ্ত বিশেষ কর্ম, ক্ষেত্র -ভ্রমণ সংক্রান্ত নমুনা - প্রতিবেদন তালিকা
- শিক্ষার্থীদের অগ্রগতি পত্র (Progress Cards) /ক্রমিকভাবে সংরক্ষিত নথিপত্র
- (নম্বর /গ্রেড) সহ পরিমাপন নথি / CCE তথ্য /নিবন্ধনপুস্তিকা (Register)
- আলোচনা চক্র, কর্মশালাদিতে শিক্ষকদের প্রদত্ত নিবন্ধাদি জাতীয় অবদান
- পঠন-সংক্রান্ত উপকরণ-সম্পদ অর্থাৎ জ্ঞানস্বাক্ষর পুস্তিকাবলী ও অন্যান্য দৃষ্টান্তযোগ্য সামগ্রী
- বিদ্যালয়ের দ্বারা ব্যবহৃত স্থানীয় ব্যক্তিবিশেষ, কুশলী আদির সেবা বিষয়ক বিবরণের নথিপত্র
- শিক্ষার্থীদের উপস্থিতি-পুস্তিকা
- শিক্ষার্থীদের গৃহকর্ম, শ্রেণি কক্ষকর্ম, পরীক্ষার পত্র, উত্তরাদির নমুনা
- শেখা-শেখানো বিষয়ে বিদ্যালয়প্রধান, CRC, BRC অথবা অন্যতর অধীক্ষক গোষ্ঠীদ্বারা
প্রদত্ত পরামর্শাদির নথিবদ্ধ বিবরণাবলী

যেসব নমুনা
বিদ্যালয়কে সৃষ্টি
করতে হয়

নিম্নজ্ঞে পদ্ধতি / কৌশল ব্যবহার করে বিদ্যালয় নিজেই নমুনা সৃষ্টি করতে পারে :

- শিক্ষকদের পাঠদান পরিকল্পনা এবং শ্রেণিকক্ষে অনুসৃত পদ্ধতি ও প্রক্রিয়া বিষয়ে বিদ্যালয়প্রধানকৃত সমীক্ষা/পর্যবেক্ষণের নথিবদ্ধ বিবরণ
- শেখা ও শেখানোর প্রক্রিয়ার জন্যে অভিভাবক এবং শিক্ষার্থীদের সঙ্গে সংঘটিত ক্রিয়া-প্রতিক্রিয়া
- শিক্ষার্থীদের সঙ্গে বিদ্যালয় প্রধানের ভাব বিনিময়ের নথিবদ্ধ বিবরণ

উত্তরণমূলক
উদ্ভাবনীসমূহ
Innovation (s)



প্রত্যুত্তরের ছাঁচ (Response Matrix)

শেখা-শেখানো এবং পরিমাপন

কেন্দ্রগত মান	স্তর-১	স্তর-২	স্তর-৩
শিক্ষার্থীদের সম্পর্কে শিক্ষকদের বোধবুদ্ধি			
শিক্ষকদের বিষয় এবং বিষয় শেখানোর জ্ঞান			
পাঠদানের পরিকল্পনা			
শিক্ষাদানের পারিপার্শ্বিকতার সবলীকরণ			
শেখা ও শেখানোর প্রক্রিয়া			
শ্রেণিকক্ষ - ব্যবস্থাপনা			
শিক্ষার্থীর পরিমাপন			
শেখা ও শেখানোর উপকরণ ও সম্পদের সদ্যবহার			
নিজেদের শেখা-শেখানোর প্রক্রিয়া সম্পর্কে শিক্ষকদের চিন্তাভাবনা			

কেন্দ্রগত মান	স্তর	উৎকর্ষ বিধান ক্ষেত্র	উৎকর্ষবিধানের জন্য চিহ্নিত প্রাধান্যযুক্ত অঞ্চল			প্রস্তাবিত ক্রিয়াকর্ম	সময়রেখা (যথোপযুক্ত ঘরে (✓) চিহ্ন প্রদেয়)		
			নিঃ	মঃ	উঃ		ব-১	ব-২	ব-৩
শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা									
শিক্ষার্থীদের পরিমাপন									
শেখা ও শেখানোর উপকরণ ও সম্পদের সদ্যবহার									
নিজেদের শেখা ও শেখানোর প্রক্রিয়া সম্পর্কে শিক্ষকদের চিন্তাভাবনা									

নিঃ - নিম্ন, মঃ - মধ্য, উঃ- উচ্চ ব-১ = বছর-১, ব-২ = বছর-২, ব-৩ = বছর-৩